


দৈনিক জনকণ্ঠ

৬/৭/২০০৩



বাংলাদেশ জাতীয় সংসদে
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
বিল পাস

সংসদ রিপোর্টার ১১ জাতীয় সংসদে মঙ্গলবার ৯টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাস এবং শেরেবাংলা কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয় করার জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বিল ২০০১ উত্থাপন করা হয়েছে।

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এই বিলগুলো সংসদে উত্থাপন করেন। যা কষ্ট ভোটে পাস হয়। ৯টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাসের আগে এই বিলগুলোর ওপর আনা জাতীয় পার্টির সংশোধনী প্রস্তাবগুলো নাকচ করে দেয়া হয়। এদিকে, উত্থাপনের পর পরীক্ষা-নিরীক্ষা করে তিন দিনের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় বিলটি শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরণ করা হয়েছে।

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিলগুলো হলো মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, কুমিল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, বগুড়া বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১ এবং বরিশাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১। এই নিয়ে গত দুই দিনে সংসদে ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাস করা হলো। আগের দিন সোমবার যে তিনটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল পাস করা হয়েছে সেগুলো হলো রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বিল ২০০১। গত দুই দিন সংসদে কোরাম সঙ্কটের কারণে মারাত্মক অচলাবস্থা সৃষ্টির পর মঙ্গলবার সংসদে তিনু চেহারা ছিল।